

Prime Minister's meeting with Japan-India Association (JIA)

May 24, 2022

জাপান-ভারত অ্যাসোসিয়েশন (জেআইএ)-এর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জাপানের টোকিওতে ২৪শে মে জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইয়োশিরো মোরি এবং শিনজো আবে-র সঙ্গে সাক্ষাৎ করেছেন। ইয়োশিরো মোরি জাপান-ভারত অ্যাসোসিয়েশনের বর্তমান চেয়ারপার্সন। শিনজো আবে শীঘ্রই এই দায়িত্বভার গ্রহণ করবেন। 1903 সালে জেআইএ প্রতিষ্ঠিত হয়। জাপানের প্রাচীনতম বন্ধুত্বপূর্ণ অ্যাসোসিয়েশনগুলির মধ্যে অন্যতম হল এটি।

প্রধানমন্ত্রী রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে ভারত ও জাপানের মধ্যে উৎসাহ বিনিময়ের বিষয়ে প্রচারে ইয়োশিরো মোরি-র নেতৃত্বে জেআইএ-এর উল্লেখযোগ্য অবদানের প্রশংসা করেছেন। শিনজো আবে-কে তাঁর নতুন দায়িত্বভার নেওয়ার জন্য আগাম শুভেচ্ছা জানান এবং জেআইএ-এর গুরুত্বপূর্ণ ভূমিকা অব্যাহত রাখার বিষয়ে প্রত্যাশা ব্যক্ত করেন।

নেতৃত্ববৃন্দ ভারত-জাপান বিশেষ কৌশলগত এবং বিশ্ব পর্যায়ে অংশীদারিত্বের বিস্তৃত পর্যালোচনার পাশাপাশি শান্তিপূর্ণ, স্থিতিশীল এবং সমৃদ্ধশালী ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য ভারত ও জাপানের যৌথ দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা করেছেন। সাংস্কৃতিক এবং মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক আরও উন্নত করার উপায় নিয়েও তাদের মধ্যে আলোচনা হয়।

টোকিও

মে 24, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.